

# বিশ্ববিদ্যালয়গুলো আরেক দফা সেশনজটের মুখে

যাযাদি রিপোর্ট

ছাত্রলীগের একক আধিপত্য বিস্তারের প্রতিযোগিতায় পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে চরম উত্তেজনা বিরাজ করছে। অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে গেছে রাবিসহ রাজশাহীর সব উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান। জবির সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। চব্বিতে রাজনৈতিক কর্মকাণ্ড স্থগিত করেছে কর্তৃপক্ষ। ঢাবিতে ছাত্রদলের ধর্মঘট ডাকার হুমকি

এবং জাবিতে ছাত্রলীগের অভ্যন্তরীণ সংঘর্ষের ঘটনায় ক্যাম্পাসে প্রথমতঃ পরিস্থিতি বিরাজ করছে। ছাত্র রাজনীতির বর্তমান উত্তেজনাকর পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আরেক দফা সেশনজট বাড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন সর্বশ্রীরা। সর্বশ্রী বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, ছাত্রলীগের ক্যাম্পাসে প্রচার বিস্তারের

## বিশ্ববিদ্যালয়গুলো আরেক দফা

(১২ পৃষ্ঠার পর)

চেঁচায় এ বছরের শুরুতেই বিশ্ববিদ্যালয়গুলোতে অস্থিরতা শুরু হয়। বিদ্রোহ হতে থাকে নিয়মিত ক্লাস-পরীক্ষা। বিশ্ববিদ্যালয়গুলোতে এমনিতেই সেশনজট প্রকট। চার বছরের স্নাতক কোর্স শেষ করতে এখন সময় লাগছে সাত বছর। আর এক বছরের মাস্টার্স কোর্স শেষ করতে দুই থেকে আড়াই বছর লেগে যায়।

৩৩বার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ছাত্রলীগ ও ছাত্রশিবিরের রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনায় ক্যাম্পাস এবং এর আশপাশের এলাকা রণক্ষেত্রে পরিণত হয়। দুপক্শের রক্তক্ষয়ী সংঘর্ষে শিবিরের সেক্রেটারি শ্রিয়তুল্যমান নোমানী নিহত হন। এ ঘটনায় রাবি, রাজশাহী মেডিক্যাল কলেজসহ রাজশাহীর সব শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয় এবং আবাসিক ছাত্রদের হল ছাড়ার নির্দেশ দেয় কর্তৃপক্ষ।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সহিংসতা ছড়িয়ে পড়ার আশঙ্কায় ক্যাম্পাসে সব রকম মিছিল-মিটিং এবং রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ করা হয়। বর্তমানে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন আবাসিক হলে ছাত্রলীগের আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে প্রতিদিনই অপ্রীতিকর ঘটনা ঘটছে। এর প্রতিবাদে ক্যাম্পাসে সহাবস্থান বন্ধায় সরকার দাবিতে ছাত্রদল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিকীর কাছে স্মারকলিপি দেয়। ক্যাম্পাসে

সহাবস্থান না থাকলে ছাত্রদল ধর্মঘট ডাকার হুমকি দিয়েছে।

শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পাঁচ ছাত্রদল কর্মীকে মারধর করে ক্যাম্পাস থেকে বের করে দেয় ছাত্রলীগ কর্মীরা। ক্যাম্পাসে অপ্রীতিকর পরিস্থিতির আশঙ্কায় বিশ্ববিদ্যালয়ের সব ডিপার্টমেন্টের পরীক্ষা বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ। এ ঘটনার পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

এদিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে জানুয়ারি থেকে ছাত্রলীগের কয়েক দফা অভ্যন্তরীণ সংঘর্ষের পর এখনো স্বাভাবিক হয়নি ক্যাম্পাসের পরিস্থিতি। হলগুলোর গেটে চলছে ছাত্রলীগের পাহারা। যে কোনো মুহূর্তে ক্যাম্পাসে বড় ধরনের সংঘর্ষের আশঙ্কায় আতঙ্কে আছে সাধারণ শিক্ষার্থীরা।

বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পরপরই ক্যাম্পাসে ছাত্রলীগের আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। কেন্দ্রীয় ছাত্রলীগ সভাপতি মার্বিন্দুল হাসান রিপন ছাত্রলীগের সব বিশ্ববিদ্যালয় শাখা কমিটির কার্যক্রম স্থগিত ঘোষণা করেন এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কমিটি ডেঙে দেন। ছাত্রলীগ সূত্রে জানা গেছে, বর্তমানে সারাদেশে ছাত্রলীগের ৮৭টি কমিটির কোনোটিরই মেয়াদ নেই। এ কারণে সংগঠনের অভ্যন্তরীণ কোন্দল, উচ্ছ্বলতা এবং চেইন অফ কমান্ড না থাকায় নিয়ন্ত্রণহীন হয়ে পড়েছে ছাত্রলীগ।

২